নারী দলের সাবেক ম্যানেজার মঞ্জুরুলের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ জাহানারার



সংগৃহীত ছবি

বাংলাদেশ নারী ক্রিকেট দলের অভিজ্ঞ পেসার জাহানারা আলম আবারও বড় ধরনের অভিযোগ এনেছেন। এর আগে অধিনায়ক নিগার সুলতানা জ্যোতির বিরুদ্ধে অনৈতিক সুবিধা নেওয়া এবং জুনিয়র খেলোয়াড়দের সঙ্গে দুর্ব্যবহারের অভিযোগ তুলেছিলেন তিনি। এবার জাহানারা নারী দলের সাবেক ম্যানেজার মঞ্জুরুল ইসলাম মঞ্জুকে নিয়েও গোপন নয় এমন একটি অভিযোগ উত্থাপন করেছেন।

জনপ্রিয় ক্রীড়া সাংবাদিক রিয়াসাদ আজিমকে দেওয়া সাক্ষাৎকারে জাহানারা দাবি করেন, নারী টি-টোয়েন্টি বিশ্বকাপ চলাকালীন সময়ে মঞ্জুরুল তার সঙ্গে সীমা অতিক্রমকারী আচরণ করেছেন।

জাহানারার কথায়, “ম্যাচ চলাকালীন উনি এসে কাঁধে হাত দিয়ে জিজ্ঞেস করতেন— ‘তোর পিরিয়ড কত দিন চলছে? শেষ হলে আমাকে বলিস, আমার দিকটাও তো দেখতে হবে।’ পিরিয়ড শেষ হলে ডাকবেন বলে নির্দেশও দিয়েছিলেন।”

তিনি আরও অভিযোগ করেন, ম্যাচ শেষে হ্যান্ডশেকের সময়ও মঞ্জুরুল সীমা লঙ্ঘন করতেন। কিছু ম্যাচে যখন আমরা হ্যান্ডশেক করি, তখন উনি হ্যান্ডশেক না করে জড়িয়ে ধরতেন।”

জাহানারা জানান, এই বিষয়টি তিনি বিসিবির নারী উইং এবং তখনকার প্রধান নাদেল স্যারের কাছে বহুবার জানিয়েও কোনো স্থায়ী ব্যবস্থা দেখা যায়নি।

দেড় বছরের মধ্যে অসংখ্যবার অভিযোগ করেছি। সাময়িকভাবে ঠিক হতো, কিন্তু কিছুদিন পর আবার আগের পরিস্থিতি ফিরে আসত।